

১ অক্টোবর, ২০২০ তারিখে ৩০তম 'আন্তর্জাতিক প্রবীণ দিবস' উদযাপন উপলক্ষ্যে গঠিত
কর্মসূচি বাস্তবায়ন ও মনিটরিং কমিটির সভার কার্যবিবরণী :

সভাপতি :	মোহাম্মদ ইসমাইল অতিরিক্ত সচিব সমাজকল্যাণ মন্ত্রণালয়।
সভার তারিখ ও সময় :	২৩-৯-২০২০ সকাল ১১.০০ ঘটিকায়।
সভার স্থান :	জুম প্লাটফর্ম
সভার উপস্থিতি :	পরিশিষ্ট- 'ক'

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। সভার প্রারম্ভে সভাপতি, যুগ্মসচিব কার্যক্রমকে অধ্যকার সভার আলোচ্যসূচি অনুযায়ী আলোচনা করার জন্য অনুরোধ জানান। যুগ্মসচিব কার্যক্রম আলোচ্যসূচি নিম্নরূপ বলে অবহিত করেন :

১. দিবসের তাৎপর্য বিষয়ক অনলাইনে (জুম প্লাটফর্ম) আলোচনা সভার আয়োজন;
২. দিবসের প্রচারণা;
৩. পত্রিকায় ক্রোড়পত্র প্রকাশ;
৪. পোস্টার প্রকাশ ও বিতরণ;
৫. মোবাইল ফোনে স্কুদে বার্তা প্রেরণ;
৬. ভিডিও চিত্র প্রদর্শন;
৭. সোস্যাল মিডিয়ার প্রচার;
৮. প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ায় প্রচার;

প্রচারণা কমিটির আহবায়ক ড. শাহ আলম, অতিরিক্ত সচিব (প্রশাসন) সভাকে অবহিত করেন যে প্রচারের জন্য পোস্টার ছাপানো এবং বিভিন্ন জেলায় ও উপজেলায় বিতরণ সমাজসেবা অধিদফতরকে দায়িত্ব প্রদান করা হয়েছে। সমাজসেবার প্রতিনিধি জানান যে, ১৫০০ পোস্টার এবং ১৫০০ লিফলেট ছাপানোর কার্যক্রম গ্রহণ করা হয়েছে। সভাপতি জানান যে, পোস্টারে প্রতিপাদ্য বিষয়, ছবি এবং থিম বিষয়বস্তু যেন অন্তর্ভুক্ত থাকে। দিবস উপলক্ষ্যে সচিবালয়ের ভিতরে এবং গেটে সাজসজ্জা প্রয়োজন বলে অতিরিক্ত সচিব মতামত ব্যক্ত করেন। সভাপতি বলেন সচিবালয়ের ভিতর এবং গেটে প্রতিপাদ্য বিষয়, ছবি, শ্লোগান ইত্যাদি বিষয় অন্তর্ভুক্ত করা প্রয়োজন। এ বিষয়ে মন্ত্রণালয়ের বাজেট বরাদ্দ হতে অর্থ খরচ করা যেতে পারে।

সমাজসেবা অধিদফতরের প্রতিনিধি জানান যে, আমন্ত্রণপত্র মন্ত্রণালয়ে প্রেরণ করা হবে। মন্ত্রণালয়ের সম্মতির পর যারা জুমে অংশগ্রহণ করবে তাদের কাছে মেইলে আমন্ত্রণপত্র প্রেরণ করা হবে। সভাপতি বলেন যে, যেহেতু এবার আনুষ্ঠানিকভাবে দিবসটি পালিত না হয়ে অনলাইন জুম ভিত্তিক হচ্ছে সেহেতু প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ায় এর ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণ করতে হবে। ক্রোড়পত্র নির্ধারিত পত্রিকাসমূহে প্রকাশ করতে হবে। অনলাইন নিউজ এবং ২-১০-২০২০ তারিখে ব্যাপক প্রচারিত পত্রিকায় যেন দিবসটি ফলাও করে প্রচার করা হয় এ বিষয়ে সমাজসেবা অধিদফতর ও সমাজকল্যাণ মন্ত্রণালয়ের পিআরও ব্যবস্থা গ্রহণ করতে পারেন। প্রচারিত সংবাদে মাননীয় মন্ত্রী, প্রতিমন্ত্রী ও সচিব এর বক্তব্য থাকা প্রয়োজন।

সমাজসেবা অধিদফতরের প্রতিনিধি জানান যে, স্কুদে বার্তার Text ইতোমধ্যে ঠিক করে পত্র প্রেরণ করা হয়েছে। যথাসময়ে বার্তা জনগণ পেয়ে যাবে। তাছাড়া, Facebook ও You tube এ ব্যাপক প্রচারণা করা প্রয়োজন। সমাজসেবা অধিদফতর এ দিবস উপলক্ষ্যে ফেস্টুন, ব্যানার ছাপিয়ে প্রচারণা বাড়াতে পারেন।


০১ মিনিটের ভিডিও চিত্রের বিষয়ে Help Age International জানান যে, পূর্বেকার তৈরী ভিডিওটি এবার প্রচার করা যেতে পারে। সভাপতি বলেন যে, ভিডিও চিত্র প্রদর্শনীতে থিম, কোভিড-১৯ এবং বৃদ্ধ লোকের সংশ্লিষ্ট চিত্র প্রদর্শনী থাকতে হবে। এ বিষয়ে মন্ত্রীবর্গের ৫-৭ সেকেন্ডের বক্তব্য থাকা প্রয়োজন। Help Age International জানান যে, এ সময়ে ইহা করা সম্ভবপর নহে। সভাপতি বিকল্প ব্যবস্থা গ্রহণের জন্য অতিরিক্ত সচিব (প্রশাসন), সমাজকল্যাণ মন্ত্রণালয়ের দৃষ্টি আকর্ষণ করেন। Help Age International ৩২ সেকেন্ড পূর্বের ভিডিও চিত্রটি সন্তোষজনক হলে বিকল্প চিত্র বা নতুন কণ্ডে ভিডিও'র প্রস্তাবের প্রয়োজন নেই। সভাপতি ৩২ সেকেন্ডের ভিডিওটি প্রচারণা কমিটির আহবায়ক দেখে কর্তৃপক্ষের সাথে আলোচনা করে সিদ্ধান্ত গ্রহণ করতে পারেন। যদি ভিডিওটি সন্তোষজনক না হয় তাহলে কর্তৃপক্ষের অনুমতিক্রমে বিকল্প ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে।

অতঃপর বিস্তারিত আলোচনা/পর্যালোচনা অন্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

সিদ্ধান্ত:

১. সমাজসেবা অধিদফতর ১ অক্টোবর ২০২০ তারিখে '৩০তম আন্তর্জাতিক প্রবীণ দিবস' উদযাপন উপলক্ষে আলোচনা সভাটি অনলাইন প্ল্যাটফরমে আয়োজন ও সোস্যাল মিডিয়ায় প্রচারের ব্যবস্থা গ্রহণ করবে;
২. প্রচারণা কমিটি ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণ করবে;
৩. সমাজসেবা অধিদফতর ক্ষুদে বার্তা প্রেরণ এবং পোস্টার, ফেস্টুন, ব্যানার, লিফলে, আমন্ত্রণপত্র ইত্যাদি ছাপানো ও বিতরণের ব্যবস্থা গ্রহণ করবে;
৪. ক্রোড়পত্র কমিটি নির্ধারিত পত্রিকায় আগামী ০১ অক্টোবর ২০২০ তারিখে ক্রোড়পত্র প্রকাশের ব্যবস্থা গ্রহণ করবে। এক্ষেত্রে প্রবন্ধ লেখকের লেখা অন্তর্ভুক্ত থাকবে;
৫. Help Age International কর্তৃক প্রেরিত ভিডিও চিত্রটি অতিরিক্ত সচিব (প্রশাসন), সমাজকল্যাণ মন্ত্রণালয় দেখে কর্তৃপক্ষকে বিষয়টি অবহিত করবেন;
৬. সচিবালয়ের ভিতর এবং গেটে প্রতিপাদ্য বিষয় এবং শ্লোগান ইত্যাদি সম্বলিত সাজসজ্জার কাজ মন্ত্রণালয় হতে করা হবে। এ সংক্রান্ত কার্যক্রমে মন্ত্রণালয় হতে ইহার ব্যয়ভার বহন করবে।
৭. মন্ত্রণালয়ের জনসংযোগ কর্মকর্তা (PRO) এবং সমাজসেবা অধিদফতর প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ায় দিবসের প্রচারের ব্যবস্থা গ্রহণ করবেন;

আলোচ্য আর কোন বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


(মোহাম্মদ ইসমাইল)
অতিরিক্ত সচিব
সমাজকল্যাণ মন্ত্রণালয়